

প্রথম পাতা

তারিখ ... ১৫. ০৬. ২০০০ ...
পৃষ্ঠা: ৩০

30

সার্টিফিকেট বৈষম্যের প্রতিবাদ রাজশাহী কৃষি কলেজে ছাত্রদের ভাঙচুর, অগ্নিসংযোগ

রাজশাহী প্রতিনিধি:

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক সার্টিফিকেট বৈষম্যের প্রতিবাদে আন্দোলনরত রাজশাহী কৃষি কলেজের ছাত্ররা গতকাল কলেজের বিভিন্ন ভবন এবং কক্ষে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছে। আন্দোলনরত ছাত্ররা কলেজে প্রায় আড়াই ঘণ্টা ধরে তাণ্ডব চালিয়ে ৩ লক্ষাধিক টাকার সম্পদ নষ্ট করেছে।

ছাত্র ও শিক্ষকদের ভিন্ন ভিন্ন সূত্র থেকে জানা গেছে, সার্টিফিকেট বৈষম্যের প্রতিবাদে আন্দোলনরত ছাত্ররা বেলা আনুমানিক ১২টার সময় রাজশাহী কৃষি কলেজ ভবনে যায় এবং অধ্যক্ষের সঙ্গে এক বৈঠকে বসে। ছাত্ররা কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক সার্টিফিকেটে কলেজের নাম বসানোর প্রতিবাদে চলমান আন্দোলনে শিক্ষকদের সক্রিয় অংশগ্রহণের দাবি জানায়। ছাত্ররা তাদের আয়োজিত একটি সংবাদ সম্মেলনে কলেজের অধ্যক্ষকে উপস্থিত থাকার জন্য চাপ দিতে থাকে।

আয়োজিত সভায় অধ্যক্ষ ও শিক্ষকদের সঙ্গে ছাত্রদের তীব্র মতবিরোধ থেকে কথাকাটাকাটি বেং এক পর্যায়ে গালাগালি শুরু হয়।

ছাত্ররা তাদের পক্ষে প্রদত্ত সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, অধ্যক্ষ ছাত্রদের উদ্দেশে অশালীন উক্তি এবং অপমানজনক কথা

বলেছেন। এতে আন্দোলনরত ছাত্ররা ক্ষিপ্ত হয়ে সভা ত্যাগ করে বাইরে চলে যায় এবং কলেজের অধ্যক্ষের কক্ষ, শিক্ষক লাউগুসহ মোট ১০টি কক্ষে ব্যাপক ভাঙচুর চালায়। ছাত্ররা ওইসব কক্ষের দরজা, জানালা এবং বিভিন্ন আসবাবপত্র ভাঙচুর করে। ছাত্রদের এই তাণ্ডব অব্যাহত থাকে বেলা ১টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন,

ছাত্রদের তাণ্ডবের সময় অধ্যক্ষ ও শিক্ষকরা একটি কক্ষে লুকিয়ে আত্মরক্ষা করেন। তবে কলেজ ক্যাম্পাসে পুলিশ পৌছানোর সঙ্গে সঙ্গে অধ্যক্ষ ও শিক্ষকরা ক্যাম্পাস ছেড়ে চলে যান। ছাত্ররা প্রেস বিজ্ঞপ্তিতে অবশ্য দাবি করেছে, পুলিশের সঙ্গে সংঘর্ষে এবং পুলিশের লাঠিচার্জে সাতজন ছাত্র আহত হয়েছে। আহতরা হলো নিজাম, তিতাস, অমিত, আমিনুল, জাকির, পারভেজ প্রমুখ। নিজামের অবস্থা গুরুতর বলে জানা গেছে।

অন্যদিকে ভাঙচুর ঘটনায় কলেজ কর্তৃপক্ষ এই রিপোর্ট লেখা পর্যন্ত থানায় কোনো অভিযোগ করেনি। কৃষি কলেজের আন্দোলনরত ছাত্ররা আজ সাধারণ গ্রন্থাগার মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেছে। রাজশাহী কৃষি কলেজের ছাত্ররা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন অব্যাহত রেখেছে। কলেজ অধ্যক্ষ গোপন স্থানে অবস্থান করছেন বলে নির্যবণ্য সূত্রে জানা গেছে।